কুষ্টিয়ায় ইউএনও’র পরিচয় ব্যবহার করে চাঁদা দাবী

কুষ্টিয়া সদর উপজেলা নির্বাহী অফিসার (ইউএনও)’র পরিচয় ব্যবহার করে একটি প্রতারক চক্র বীর মুক্তিযোদ্ধাসহ বিভিন্ন ব্যক্তিবর্গকে ফোন করে অর্থ দাবী করার অভিযোগ পাওয়া গেছে।

সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) সাধন কুমার বিশ্বাসের পরিচয় দিয়ে একটি প্রতারক চক্র বীর মুক্তিযোদ্ধাসহ বিভিন্ন ব্যক্তিবর্গকে ফোন করে বিভিন্ন প্রকল্প প্রদানের বিষয় উল্লেখ করে চাঁদাবাজির চেষ্টা করা হয়।

আজ রবিবার দুপুরে কুষ্টিয়া সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) সাধন কুমার বিশ্বাস এ তথ্য নিশ্চিত করেছেন।

সদর উপজেলা গোস্বামী দুর্গাপুর ইউনিয়নের মুক্তিযোদ্ধা আব্দুল বারী বলেন, আমাকে একটা মোবাইল নাম্বর থেকে ফোন করে বলে, আমি উপজেলা থেকে বলছি। আপনার নামে একটা প্রজেক্ট পাশ হয়েছে। দুই লাখ ৯৫ হাজার টাকার চেক পাবেন উপজেলা থেকে। এজন্য কিছু খরচবাবদ বিকাশ করে আপনাকে দিতে হবে। বিষয়টি সন্দেহ হলে তিনি উপজেলা মুক্তিযোদ্ধা কমান্ডারকে অবগত করেন।

উপজেলা মুক্তিযোদ্ধা কমান্ডার মোশাররফ আলী জানান, মুক্তিযোদ্ধাদের কোন প্রকল্প বরাদ্দ নেই। অথচ প্রকল।পর নাম ভাঙ্গিয়ে উপজেলার বিভিন্ন ইউনিয়নের মুক্তিযোদ্ধাদের কাছে ফোন করে প্রতারনার মাধ্যমে টাকা দাবী করছে। বিষয়টি ইউএনওকে অবগত করেছি বলেও জানান তিনি।

সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) সাধন কুমার বিশ্বাস বলেন, বিভিন্ন প্রকল্প প্রদান করা হবে এবং এসব প্রকল্প পেতে টাকা লাগবে বলে একটি প্রতারক চক্র বীর মুক্তিযোদ্ধাসহ বিভিন্ন ব্যক্তিবর্গকে কুষ্টিয়া সদর উপজেলা নির্বাহী অফিসার (ইউএনও)’র পরিচয় ব্যবহার করে অর্থ দাবী করে আসছে। বিষয়টি নিয়ে কয়েকজন আমাকে অবগত করলে এধরনের কোন লেনদেনে থেকে বিরত থাকার অনুরোধ করেছি।

সাধন কুমার বিশ্বাস আরো বলেন, মানুষ এখন বেশ সচেতন। তাই কেউ টাকা দিয়ে ক্ষতিগ্রস্ত হয়নি। এ বিষয়ে সকলকে সতর্ক থাকতে বলা

হয়েছে। আমরা সামাজিক যোগাযোগ মাধ্যম ফেসবুক আমাদের উপজেলা প্রশাসনের পেজে সচেতনতামুলক পোষ্ট করেছি।